# ঢাকা বিশ্ববিদ্যালয়

আগামী ১৫ অক্টোবর ২০২৫ তারিখ বুধবার বিশ্ববিদ্যালয় শোক দিবস। ১৯৮৫ সনের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি পালনসহ অন্যান্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১।

| | ১৫ অক্টোবর ২০২৫ বুধবার | | কর্মসূচি |
|---|---|---|---|
| (ক) | সকাল ৬:০০ টা | : | সকল হল, হোস্টেল ও বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা এবং কালো ব্যাজ ধারণ। |
| (খ) | সকাল ৭:৩০ টা | : | অপরাজেয় বাংলা হতে জগন্নাথ হল পর্যন্ত মাননীয় ভাইস-চ্যান্সেলরের নেতৃত্বে মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টরসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের একত্রে শোক র‍্যালির মাধ্যমে জগন্নাথ হল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন। |
| (গ) | সকাল ৮:০০ টা হতে ৯:০০টা | : | অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে আলোচনা সভা। |
| (ঘ) | সকাল ৯:০০ টা হতে ১০:০০টা | : | জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মাবলম্বীদের প্রার্থণা সভা। |
| (ঙ) | বাদ আছর | : | মোনাজাত : বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ সকল হল মসজিদ। |
| (চ) | সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা | : | নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন **(ব্যবস্থাপনায় : জগন্নাথ হল)** |

২। (ক) ১৫ অক্টোবর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক আবাসিক হলের সম্মুখে ব্যানার টানানোর জন্য ব্যানার তৈরি করে ইতোপূর্বে পাঠানো হয়েছিল। চলতি বছরে সংশ্লিষ্ট হল, সেই ব্যানারগুলো ব্যবহার করবেন। যদি সে ব্যানারগুলো সংশ্লিষ্ট হলে সংরক্ষিত না থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ নতুনভাবে ব্যানার তৈরি করে নেবেন। প্রয়োজনে ব্যানারের পরিমাপ, ভাষা ও রং ইত্যাদি সম্পর্কে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ **জগন্নাথ হলের প্রাধ্যক্ষের** সাথে যোগাযোগ করে জেনে নেবেন।

(খ) ১৫ অক্টোবর স্মরণে কালো কাগজের ব্যাজ ছাপানোর বিষয়ে **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) এই দিনের কর্মসূচি গণমাধ্যমসমূহের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিশ্ববিদ্যালয় বার্তায় বিস্তারিত তথ্য সম্বলিত সংবাদ ছাপানোর পদক্ষেপ গ্রহণের জন্য জনসংযোগ দফতরের পরিচালক-কে অনুরোধ জানানো হলো।

(ঘ) ১৫ অক্টোবর ২০২৫ উপলক্ষে জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাধীনে আয়োজিত **"অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা"** ও **"অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা"** আগামী ৩১/১০/২০২৫ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। **"অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা"** সম্পন্ন করার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য **ডিন, কলা অনুষদ** এবং **"অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা"** সম্পন্ন করার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য **ডিন, চারুকলা অনুষদ**-কে অনুরোধ করা হলো।

(ঙ) ১৫ অক্টোবর ২০২৫ তারিখ বুধবার সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে রক্তদান কর্মসূচি এবং সন্ধ্যা ৬:৩০ টায় জগন্নাথ হল উপাসনালয়ে অক্টোবর দুর্ঘটনা স্মরণে ভক্তিমূলক গানের অনুষ্ঠান (শোক সঙ্গীত ও কবিতা আবৃত্তি) অনুষ্ঠিত হবে।

(চ) ১৫ অক্টোবর ২০২৫ তারিখ বুধবার সকালের অনুষ্ঠান ও জগন্নাথ হল উপাসনালয়ে অনুষ্ঠেয় আলোচনা সভা (স্মরণ সভা) এবং সন্ধ্যা ৬:৩০ টায় অনুষ্ঠেয় ভক্তিমূলক গানের অনুষ্ঠানে যোগদানের জন্য ১৫ অক্টোবর উপলক্ষে গৃহীত কর্মসূচির কপি ও আমন্ত্রণপত্র ১৯৮৫ সনের ১৫ অক্টোবর নিহত ও আহতদের আত্মীয় স্বজনদের নিকট প্রেরণের জন্য **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ছ) ১৫ অক্টোবর ১৯৮৫ সনে নিহত এবং আহতদের মধ্যে যাঁদের বর্তমান ঠিকানা সংগ্রহে নেই, তাঁদের ঠিকানা সংগ্রহ করা এবং নিহতদের স্মরণে ঐদিনের ঘটনা সম্পর্কিত সংক্ষিপ্ত স্মরণিকা প্রকাশ করে প্রত্যেক হলে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ**-কে অনুরোধ করা হলো।

(জ) ভবিষ্যতে যেন এ ধরনের ঘটনা আর না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখা এবং ১৫ অক্টোবরের পূর্বেই বিশ্ববিদ্যালয় এলাকার জরাজীর্ণ ভবনসমূহ প্রয়োজনীয় সংস্কার ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য **প্রধান প্রকৌশলী** ও **এস্টেট ম্যানেজার**-কে অনুরোধ জানানো হলো।

২৪/০৯/২০২৫

**মুনসী শামস উদ্দিন আহম্মদ**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়